



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

দর্শন বিভাগের প্রথম পুনর্মিলনী-২০২০ অনুষ্ঠিত



২৮ ফেব্রুয়ারি-২০২০, শুক্রবার, সকাল: ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের উদ্যোগে প্রথম পুনর্মিলনী-২০২০ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ তৌহিদুল হাসান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস।

অনুষ্ঠানটি সঞ্চালনায় করেন বিভাগের সহযোগী অধ্যাপক এবং প্রথম পুনর্মিলনী-২০২০ এর আহবায়ক ড. মোহাম্মদ হাফিজুল ইসলাম। এছাড়াও বিভাগীয় শিক্ষক, সাংবাদিক প্রতিনিধি ও সাবেক শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, শিক্ষার্থীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।